

# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 22 April, 2025

বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনী (বিজিবি) শ্যামনগর কৈখালী সীমান্ত থেকে ভারতে পাচারকালে পৃথক পৃথক অভিযানে নারী-শিশুসহ ১২জনকে উদ্ধার করেছেন। গত সোমবার (২১ এপ্রিল) বেলা ২ টা ও বিকাল ৫টার দিকে বিজিবির রিভারাইন বর্ডার গার্ড (আরবিজি) কোম্পানীর অধীনস্থ বয়েরসিং ও কৈখালী ভাসমান বিওপির সদস্যরা তাদের উদ্ধার করে।

বিজিবি সূত্রে জানা যায়, গোপন তথ্যের ভিত্তিতে বিজিবি রিভারাইন বর্ডার গার্ড কোম্পানির অধীনস্থ কৈখালী বিওপির টহল কমান্ডার নায়েব সুবেদার মো. আবু বক্কর সিদ্দিকের নেতৃত্বে টহল দলের সদস্যরা বিকালে কৈখালী সীমান্তের বকচর এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে বাংলাদেশ হতে ভারতে পাচারের প্রাক্কালে নারী ও শিশুসহ ১২জন বাংলাদেশী নাগরিককে আটক করা হয়।

এসময় তাদের নিকট থেকে ১টি ল্যাপটপ, ৪টি মোবাইল ফোন ও নগদ ৫০০ ভারতীয় রুপি ও বাংলাদেশী ২৪০টাকা উদ্ধার করা হয়। এর আগে বেলা ২টায় আরবিজি কোম্পানীর অধীনস্থ বয়েরসিং ভাসমান বিওপির টহল কমান্ডার হাবিলদার মোঃ নিজামুল হকের নেতৃত্বে বিজিবি সদস্যরা কৈখালী সীমান্তবর্তী বকচর এলাকায় আরেকটি অভিযানে ভারতে পাচারের প্রাক্কালে ৬ বাংলাদেশী নাগরিককে ৪টি মোবাইল এবং নগদ ৪ হাজার ভারতীয় রুপিসহ আটক করেন।

আটককৃত বাংলাদেশী নাগরিকরা হলেনঃ বাগেরহাট জেলার মংলার দক্ষিণ মালগাজী গ্রামের ইব্রাহিম সিকদারের স্ত্রী নুর নাহার (৪০), ছেলে মো. রাজ সিকদার (১৪), মেয়ে ইশা মনি (৩), একই গ্রামের রহিমুর রহমানের মেয়ে সোহানা (৭), নাটোর জেলার লালপুর থানার বাহাদিপুর গ্রামের মরহুম আব্দুস সাত্তারের ছেলে মো. শামীম আহমেদ (৪০) এবং একই জেলার আজগোরা গ্রামের চিত্তরঞ্জন মল্লিকের মেয়ে নীলা মল্লিক (৩২), খুলনার কয়রা উপজেলার হাতিয়ারডাঙ্গা গ্রামের রাজিব সরকারের ছেলে অনুপম সরকার (২৮), অনুপম সরকারের স্ত্রী পিংকী বৈরাগী (২৬), অনুপম সরকারের ছেলে দেবরাজ সরকার (৮), পাইকগাছা উপজেলার খড়িয়া বাসাখালী গ্রামের পনেন্দু সানার ছেলে শচীন সানা (১৮), টাঙ্গাইলের নাগরপুর উপজেলার মোঃ রহিম উদ্দিন মিয়ার মেয়ে রুমি (১৮) এবং পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার জরিপেরচর গ্রামের খলিলুর রহমানের মেয়ে মোছাঃ সুইটি ইসলাম (২২)।

বিজিবি সূত্র আরো জানায়, বাংলাদেশ হতে ভারতে পাচারকালে সাতক্ষীরার শ্যামনগর উপজেলার শৈলখালি গ্রামের জাহার আলীর ছেলে মানবপাচারকারী মো. মামুন (৩২) এবং শৈলখালী (কয়ালপাড়া) গ্রামের নূর আমিনের ছেলে মো. আইজুল (৩৮) পলাতক রয়েছে।

এ সময় আটককৃতরা জানায় মামুন (৩২) এবং আইজুল (৩৮) বিভিন্ন সময়ে তাদের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে ভালো চাকরির দেওয়ার পাশাপাশি বিভিন্ন সুযোগ-সুবিধার প্রলোভন দেখিয়ে তাদের নিজ এলাকা থেকে নিয়ে এসে অবৈধভাবে বাংলাদেশ হতে ভারতে পাচারের চেষ্টা করে।

রিভারাইন বর্ডার গার্ড কোম্পানী, নীলডুমুর, শ্যামনগরের অধিনায়ক লে. কমান্ডার সৈয়দ আব্দুর রউফ বিষয়টি নিশ্চিত করে বলেন,

আটককৃতদেরকে শ্যামনগর থানায় হস্তান্তর এবং পলাতক মানব পাচারকারীদের বিরুদ্ধে মামলা দায়েরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

শ্যামনগর থানার ওসি মোঃ হুমায়ুন কবির মোল্লা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এবিষয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

ভারত পাচার সাতক্ষীরা সীমান্ত নারী-শিশু উদ্ধার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:43

URL: <https://timestodaybd.com/khulna/1260775807>